

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫২.৫৭.০০১.২০.১০৫

তারিখ: ১ ফাল্গুন ১৪২৯

১৪ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: ডিলারের দোকানে মজুত খাদ্যবান্ধব কর্মসূচির চাল সুষ্ঠুভাবে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ।
সূত্র: খাদ্য মন্ত্রণালয়ের ১২.০১.২০২৩ তারিখের ১২ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০১৭ অনুযায়ী বছরে ৫ (পাঁচ) মাস (মার্চ-এপ্রিল এবং সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর) খাদ্যশস্য বিক্রয় করা হয়। চলতি ২০২২-২০২৩ অর্থবছরের প্রথম প্রান্তিকে অর্থাৎ সেপ্টেম্বর/২২ হতে নভেম্বর/২২ মাসে সারা দেশের সকল উপজেলায় খাদ্যবান্ধব কর্মসূচিতে ইউডিসিগণের মাধ্যমে খাদ্যবান্ধব কর্মসূচির উপকারভোগীদের তথ্য যাচাই করে যাচাইকৃত উপকারভোগীগণের মাঝে চাল বিক্রয় করা হয়েছে।

উল্লেখ্য, কিছু উপজেলায় নভেম্বর/২২ মাসের সমুদয় চাল বিক্রয় না হওয়ায় কিছুসংখ্যক ডিলারের দোকানে অবিক্রিত চাল মজুত রয়েছে। সে প্রেক্ষিতে ডিলারের দোকানে মজুত অবিক্রিত চাল গুণগতমান অক্ষুণ্ণ রেখে কীটমুক্ত পরিবেশে সুষ্ঠুভাবে সংরক্ষণ করা হয়েছে কীনা উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণকে সে বিষয়ে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। একইসাথে, সূত্রস্থ স্মারকের নির্দেশনা মোতাবেক মার্চ, ২০২৩ মাসে বিতরণতব্য চাল ডিলারগণের নিকট অবিক্রিত মজুত চালের সাথে সমন্বয়পূর্বক আগামী ২০.০২.২০২৩ তারিখের মধ্যে বিনা ব্যর্থতায় উত্তোলনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

১৪-২-২০২৩

তপন কুমার দাস

পরিচালক (চলতি দায়িত্ব)

ফোন: +৮৮-০২-৪১০৫০০৯১

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৮৫০৯০

ইমেইল: dsdm@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,
ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫২.৫৭.০০১.২০.১০৫/১(৭৪)

তারিখ: ১ ফাল্গুন ১৪২৯

১৪ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক, প্রশাসন/ সর্ববি/ চসসা/ হিসাব ও অর্থ/ সংগ্রহ/ পটকা/ প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) উপ সচিব, সরবরাহ-১ শাখা, খাদ্য মন্ত্রণালয়
- ৪) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)
- ৫) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

১৪-২-২০২৩

মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঁঞা

উপপরিচালক